



নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali Science and Technology University: NSTU
নোয়াখালী-৩৮১৪, বাংলাদেশ।

Phone : 880-321-62812
Fax : 880-321-62788
Website : www.nstu.edu.bd

রিসার্চ সেল
Research Cell

স্মারক:নোবিপ্রবি/রিসার্চসেল/২০২৫/২২

তাং- ০৯ মার্চ ২০২৫

বরাবর
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
নোয়াখালী ৩৮১৪, বাংলাদেশ।



বিষয় : রিসার্চ সেলের নীতিমালা জমা প্রদান প্রসঙ্গ।

জনাব

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বিগত সময়ে পিএইচডি ফেলোশিপ নীতিমালা ২০২৪, রিসার্চ সেল আর্থিক নীতিমালা ২০২৪ ও ভাইস চ্যান্সেলরস রিসার্চ গ্রান্ড নীতিমালা অনুমোদন করা হয়েছে।

আপনার অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে নীতিমালার কপি জমা প্রদান করা হলো।

ধন্যবাদান্তে

Handwritten signature and date: ০৭.০৩.২৫

অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম
পরিচালক
রিসার্চ সেল
নোয়াখালীবিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

সংযুক্তি:

১. পিএইচ ডি ফেলোশিপ নীতিমালা -২০২৪।
২. রিসার্চ সেল আর্থিক নীতিমালা ২০২৪।
৩. ~~ভাইস চ্যান্সেলরস রিসার্চ গ্রান্ড নীতিমালা~~।



নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের জন্য বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক বরাদ্দকৃত
গবেষণা অনুদান বন্টন/ব্যয়ের নীতিমালা

১. উদ্দেশ্য

এই নীতিমালার উদ্দেশ্য হলো নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) গবেষণা সেলের জন্য বরাদ্দকৃত অর্থ যথাযথ উপায়ে ব্যয়ের জন্য একটি স্বচ্ছ, জবাবদিহিতামূলক এবং যৌক্তিক পদ্ধতি প্রতিষ্ঠা করা, যা গবেষণার উৎকর্ষতা নিশ্চিতকরে এবং বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন লক্ষ্যমাত্রা পূরণে সহায়ক হবে। এই নীতিমালা বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) এর বিধিবিধানের সাথে সামঞ্জস্য রেখে কার্যকর গবেষণার জন্য অর্থের সুষ্ঠু ব্যবহারের নিশ্চয়তা দিবে।

২. অর্থ ব্যবহারের ক্ষেত্রসমূহ

গবেষণা সেলের জন্য বরাদ্দকৃত অর্থ নিম্নলিখিত খাতে ব্যয় করা যাবে:

- বিশ্ববিদ্যালয়ে গবেষণার গুণগত মান এবং গবেষণার ইমপ্যাক্ট বৃদ্ধির লক্ষ্যে শিক্ষক এবং শিক্ষক-শিক্ষার্থীর যৌথ গবেষণার জন্য গবেষণা অনুদান বরাদ্দ করা।
- গবেষণা পরিবেশের উন্নয়ন ও গবেষকদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে গবেষণা প্রবন্ধ প্রকাশনা প্রণোদনা, রিসার্চ এ্যাওয়ার্ড এবং জাতীয় ও আন্তর্জাতিক সম্মেলন, সেমিনার, ওয়ার্কশপের আয়োজন করা বাবদ ব্যয় করা।
- গবেষণার অবকাঠামো উন্নয়নের লক্ষ্যে গবেষণা সেলের ওয়েবসাইট তৈরি ও রক্ষণাবেক্ষণ, অনলাইন ও ছাপানো জার্নাল প্রকাশ, ডেটাবেইজ রক্ষণাবেক্ষণ, গবেষণা সফটওয়্যারের জন্য সাবস্ক্রিপশন ব্যয় মেটানো।
- উচ্চতর গবেষণার জন্য এমফিল এবং পিএইচডি ফেলোশিপ নীতিমালা অনুসরণপূর্বক ফেলোশিপ প্রদান করা।
- বিশ্ববিদ্যালয়ের জার্নালগুলোর একাডেমিক প্রবন্ধ মূল্যায়ন করার জন্য রিভিউয়ারগণের সম্মানী প্রদান এবং গবেষণা অনুদানপ্রাপ্তির জন্য জমাকৃত গবেষণা প্রস্তাব মূল্যায়নের জন্য রিভিউয়ারগণের সম্মানী প্রদান।
- অফিস রক্ষণাবেক্ষণ, লজিস্টিক সরবরাহ, প্রিন্টিং ইত্যাদির জন্য তহবিল প্রদান।
- বিবিধ

৩. গবেষণা অনুদান ব্যয়ের খাতসমূহ

- শিক্ষক গবেষণা প্রকল্প
- শিক্ষক-শিক্ষার্থী যৌথ গবেষণা প্রকল্প

- ফেলোশিপ ও বৃত্তি (এমফিল ও পিএইচডি)
- রিসার্চ সেল কর্তৃক আয়োজিত কনফারেন্স, সেমিনার, প্রশিক্ষণ, কর্মশালা
- গবেষণা অবকাঠামো ও রক্ষণাবেক্ষণ
- রিভিউয়ারের সম্মানী (জার্নাল আর্টিকেল এবং গবেষণা প্রকল্প মূল্যায়ন)
- জার্নাল প্রকাশনার ব্যয়
- গবেষণা প্রবন্ধ প্রকাশনা প্রণোদনা
- গবেষণা পুরস্কার (রিচার্স গ্র্যান্ডওয়ার্ড) এবং স্বীকৃতি
- বিবিধ।

৪. তহবিল আবেদন এবং বিতরণ পদ্ধতি

ক) শিক্ষকদের এবং শিক্ষক-শিক্ষার্থীর যৌথ প্রকল্পের ব্যক্তি, লক্ষ্য এবং আনুমানিক খরচ বিবরণসহ গবেষণা সেলে প্রস্তাব জমা দিতে হবে। অনমোদিত প্রকল্পগুলি সংশ্লিষ্ট নীতিমালার ভিত্তিতে অর্থ বরাদ্দ করা হবে।

খ) ~~এমফিল ও পিএইচডি ফেলোশিপ/বৃত্তিপ্রাপ্তদের প্রত্যেক সেমিস্টারের শেষে~~ গবেষণা সেলে আর্থিক ও প্রকল্প অগ্রগতি প্রতিবেদন জমা দিতে হবে।

গ) প্রতিটি প্রকল্প সম্পন্ন হওয়ার পর একটি চূড়ান্ত খরচ প্রতিবেদন এবং ফলাফলের সারসংক্ষেপ গবেষণা সেলে জমা দিতে হবে।

নোবিপ্রবি'র ক্রমবর্ধমান একাডেমিক এবং গবেষণার অগ্রাধিকারের ভিত্তিতে বরাদ্দ নিশ্চিত করতে প্রতি বছর নোবিপ্রবি রিসার্চ সেল এই নীতিমালা পর্যালোচনা করবে। বিগত বছরের অর্থ বরাদ্দের ধারা এবং ইউজিসির নির্দেশনা অনুযায়ী অনুদান বরাদ্দের পরিমাণ সংশোধন করা যাবে। এই নীতিমালার পরিবর্তন, পরিমার্জন এবং সংশোধনের অধিকার নোবিপ্রবি রিসার্চ সেল কর্তৃক সংরক্ষিত।

[Handwritten signatures and initials at the bottom of the page]